গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ২৪২৮ তারিখ: ২২/১২/১৪২৯ বঙ্গাব্দ
০৫/০৪/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ২৩ তম স্যাটেলাইট ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং (ইএলটি) কোর্স -এর প্রশিক্ষণার্থী মনোনয়ন ও প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ থেকে ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/ ১৪ মে ২০২৩ খ্রি. থেকে ২৫ মে ২০২৩ খ্রি. মেয়াদে (১২ দিনব্যাপী) মাধ্যমিক পর্যায়ের ইংরেজি শিক্ষকগণের জন্য আয়োজিত কোর্সটি সাতক্ষীরা জেলার সাতক্ষীরা সদর, আশাশুনি, তালা, কলারোয়া, শ্যামনগর, দেবহাটা এবং কালিগঞ্জ উপজেলার ০৫টি ভেন্যুতে একযোগে অনুষ্ঠিত হবে । এজন্য তাঁর আওতাধীন উল্লিখিত উপজেলাগুলি হতে ৫টি উপজেলার ৫টি প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে (সার্বক্ষণিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) এবং মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় ) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় অনধিক ০৩ (তিন) জন করে (প্রতি ভেন্যুতে ৪০ জন) মোট ২০০ জন এমপিওভুক্ত ইংরেজি শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণ শুরুর দিন ৮.৩০টার মধ্যে ভেন্যুতে উপস্থিত হয়ে নিবন্ধন করতে হবে । প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষণার্থীগণকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত ছাড়পত্র সঙ্গে আনতে হবে;
২. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। বেসরকারি প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকগণকে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে এ কোর্সে অংশগ্রহণের অনুমতিপত্র সঙ্গে আনতে হবে। যেসকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষনিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৪. শারীরিক অসুস্থতা (ঠান্ডা, জ্বর থাকলে) এবং যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৮ বৎসর অতিক্রম করেছে বা পূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৫. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেওয়া যাবে যদি তিনি উপরোক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন এবং স্বাস্থ্যবিধি মেনে উপরোক্ত কোর্সটি সম্পন্ন করতে বাধ্য থাকবেন;
৬. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স পরিচালক, জনাব মোঃ আব্দুল মান্নান চৌধুরী, উপ-পরিচালক, (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), সেল নম্বর: ০১৭১২-৬১২৯৯২ অথবা কোর্স সমন্বয়ক জনাব আইরিন রহমান, টিচার ট্রেইনার, সেল নম্বর: ০১৭২১-৭৫৪৩৫৪, ও জনাব মোঃ শহীদুল ইসলাম, টিচার ট্রেইনার, সেল নম্বর: ০১৭১৫-২৯৬৬১৩ এ যোগাযোগ করা যেতে পারে;
৭. আমন্ত্রণপত্র খানা নায়েম-এর ওয়েবসাইট (www.naem.gov.bd)--এ পাওয়া যাবে ।

উল্লেখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে) এবং প্রশিক্ষণ ভেন্যু নির্ধারণ করে আগামী ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/ ৩০ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (Pdf ও MS-Word Format-এ) ttireen.naem@gmail.com অথবা ttshahidul.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

০৫/০৪/২৩
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

প্রাপক
জেলা শিক্ষা কর্মকর্তা
সাতক্ষিরা

নং ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৩.১৫/ ২৪২৮ (১৬) তারিখ: ২২/১২/১৪২৯ বঙ্গাব্দ
০৫/০৪/২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
৭। জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৮। পুলিশ সুপার, সাতক্ষীরা;
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
১০। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, খুলনা অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
১১। জেলা শিক্ষা কর্মকর্তা, সাতক্ষীরা (আবাসন ও প্রশিক্ষকগণের ভেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
১২। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
১৩। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৪। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১৫। রূপকল্প সেল;
১৬। অফিস নথি।

০৫/০৪/২৩
মোঃ আব্দুল মান্নান চৌধুরী
উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)